গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ ও ক্রয় শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৪.৩৩.০৪৭.১৬ .৬৮ তারিখ: ২৭/০১/২০২৬ খ্রি.

**অফিস আদেশ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক প্রকাশিত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ যা এস.আর.ও নং:৩৮৮-আইন/২০২৫, তারিখ: ১৩ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/ ২৮ সেপ্টেম্বর, ২০২৫ থেকে কার্যকর হয়। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ১৫০ (১) মোতাবেক উল্লেখ আছে যে, "আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের অধীন ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল সরকারি ক্রয় সরকার কর্তৃক নির্ধারিত নীতিমালা অনুসরণ করিয়া ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পন্ন করতে হবে এবং ব্যতিক্রমী ক্ষেত্রে, ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে কোনো ক্রয়কারী ক্রয় প্রক্রিয়ায়করণে অসমর্থ হইলে বিপিপিএ-এর পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে"।

উক্ত বিধান অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, Head of Procuring Entity (HOPE)-এর আওতাধীন সকল প্রকল্পসমূহ, আঞ্চলিক কার্যালয়সমূহে, সকল সরকারি কলেজ, সকল মাধ্যমিক বিদ্যালয়, জেলা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসসমূহ, টিটিসি, এইচএসটিটিআই এবং NAAND একাডেমিতে সরকারি ক্রয় কার্যক্রম ই-জিপি (e-GP) পদ্ধতিতে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এ লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/অফিস প্রধানগণকে নির্ধারিত ছক/নির্দেশনা অনুযায়ী Domain ID, PE Office তৈরি এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের USER ID খোলার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

27.1.2026
(প্রফেসর বি.এম. আব্দুল হান্নান)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ-কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক, অঞ্চল (সকল)
২। প্রকল্প পরিচালক (সকল প্রকল্প)
৩। অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)
৪। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
৬। প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অফিস কপি।

নির্দেশনা:

ক) ডোমেইন আইডি সংক্রান্ত তথ্য:

- প্রতিষ্ঠান/কার্যালয়ের সরকারি ই-মেইল ঠিকানা থাকা বাধ্যতামূলক।
- প্রতিষ্ঠান/কার্যালয়ের নিজস্ব নামে ওয়েবসাইটের ডোমেইন আইডি থাকা আবশ্যক। উদাহরণ:

→ বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা প্রতিষ্ঠানের ওয়েব ঠিকানা: www.bbgmc.college.gov.bd

→ কুমিল্লা জেলা শিক্ষা অফিস এর ওয়েব ঠিকানা: deo.cumilla.gov.bd

- সরকারি ওয়েবসাইট থাকা সত্ত্বেও ডোমেইনে ই-মেইল আইডি না থাকলে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সাথে সমন্বয় করে প্রতিষ্ঠান/কার্যালয়ের নিজস্ব দায়িত্বে ই-মেইল আইডি সক্রিয় করুন বা নিজ উদ্যোগে প্রতিষ্ঠানের নামে সরকারি ই-মেইল খোলার উদ্যোগ গ্রহণ করুন।

খ) **Information of the PE Office:**

| | |
|---|---|
| Name of Organization | Directorate of Secondary and Higher Education |
| DDO Office Code | |
| DDO Office Name | |
| Name of PE Office in English | |
| Name of PE Office in Bangla | |
| PE Code | |
| Address | |
| Country | |
| District | |
| City/Town | |
| Thana | |
| Post Code | |
| Phone No | |
| Fax No | |
| Website | |

গ) **Information of PE User and Other Officials:**

| SL No | Name of Officers | Designation | NID No with Copy | Mobile & E-mail | Role in e-GP |
|---|---|---|---|---|---|
| 1. | | | | | |
| 2. | | | | | |
| 3. | | | | | |
| 4. | | | | | |
| 5. | | | | | |